যুগান্তর

তারিখ 03 JUN 2016
পৃষ্ঠা [illegible] কলাম 2

# কালিয়াকৈরে শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী অপহরণের অভিযোগ

**কালিয়াকৈর (গাজীপুর) প্রতিনিধি**

উপজেলার পূর্বমৌচাক এলাকায় নৃত্যের শিক্ষকের বিরুদ্ধে ছাত্রী অপহরণের অভিযোগ পাওয়া গেছে। ওই ঘটনায় ছাত্রীর মা প্রতিমা রানী রায় বাদী হয়ে কালিয়াকৈর থানায় বৃহস্পতিবার অপহরণ মামলা দায়ের করলে পুলিশ ওই শিক্ষককে গ্রেফতার করে। অভিযুক্ত শিক্ষক জামাল হোসেন হিপপ মর্ডান ড্যান্ডস একাডেমিতে নৃত্য প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। অভিযোগে জানা যায়, জামালপুর জেলার সদর থানার নারায়ণপুর গ্রামের আমজাদ হোসেনের ছেলে জামাল হোসেন বেশ কয়েক বছর আগে গাজীপুরের কাশিমপুর এলাকায় হিপপ মর্ডান ড্যান্ডস একাডেমীতে ছাত্রছাত্রী ভর্তি করে নৃত্য শিক্ষা দিয়ে আসছে। ওই শিক্ষক ওই এলাকায় বসবাস করে ওই প্রতিষ্ঠান পরিচালনা করে আসছে। এদিকে দিনাজপুর জেলার অসিম কুমার শর্মার তার পরিবার পরিজন নিয়ে পূর্বমৌচাক সিরাজ মিয়ার বাড়িতে ভাড়া থেকে স্থানীয় গার্মেন্ট কারখানায় চাকরি করে আসছে। তার মেয়ে নুরশাত জাহান ফারিয়া স্থানীয় চান্দনা উচ্চ বিদ্যালয়ে ৮ম শ্রেণীতে পরে। সে ওই ড্যান্ডস একাডেমিতে নৃত্য শিখার জন্য ভর্তি হয়। ভর্তি হওয়ার পর ওই শিক্ষকের নজর পরে তার ছাত্রীর উপর। পরে ওই ছাত্রীর সঙ্গে প্রতারণা করে তাকে অপহরণ করে। অপহরণের পর তার মা থানায় একটি অভিযোগ করলে থানার এসআই মোশারফ হোসেন ওই শিক্ষক জামাল উদ্দিনকে তার দেশের বাড়ি থেকে তাকে গ্রেফতার করে। পরে কালিয়াকৈর থানায় নিয়ে আসার পর তাকে আদালতের মাধ্যমে গাজীপুর জেলহাজতে প্রেরণ করা হয়। থানার এসআই মোশারফ হোসেন বলেন, এলাকাবাসী জানিয়েছে ওই শিক্ষক এ পর্যন্ত ১৩টি বিয়ে করেছে। ৫টি বিয়ের কথা সে স্বীকার করেছে। মেয়েটি হিন্দু থেকে মুসলমান হয়ে তারা কোর্টম্যারিজ করেছে। তার মায়ের মামলার পরিপ্রেক্ষিতে তাকে গ্রেফতার করা হয়েছে। কালিয়াকৈর থানার ওসি আবদুল মোতালেব মিয়া বলেন, ভিকটিম উদ্ধার ও আসামি গ্রেফতার করা হয়েছে।